# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৫

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ শীঘ্র যুহরের সালাত আদায় করা।

## باب مَا جَاءَ فِي التَّعْجِيلِ بِالظُّهْرِ

আরবী

حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنْ حَكِيمِ بْنِ جُبَيْرٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنِ الأَسْوَدِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ مَا رَأَيْتُ أَحَدًا كَانَ أَشَدَّ تَعْجِيلاً لِلظُّهْرِ مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَلاَ مِنْ أَبِي بَكْرٍ وَلاَ مِنْ عُمَرَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ وَخَبَّابٍ وَأَبِي بَرْزَةَ وَابْنِ مَسْعُودٍ وَزَيْدِ بْنِ ثَابِتٍ وَأَنَسٍ وَجَابِرِ بْنِ سَمُرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ حَسَنٌ . وَهُوَ الَّذِي اخْتَارَهُ أَهْلُ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ . قَالَ عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ قَالَ يَحْيَى بْنُ سَعِيدٍ وَقَدْ تَكَلَّمَ شُعْبَةُ فِي حَكِيمِ بْنِ جُبَيْرٍ مِنْ أَجْلِ حَدِيثِهِ الَّذِي رَوَى عَنِ ابْنِ مَسْعُودٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم " مَنْ سَأَلَ النَّاسَ وَلَهُ مَا يُغْنِيهِ " . قَالَ يَحْيَى وَرَوَى لَهُ سُفْيَانُ وَزَائِدَةُ وَلَمْ يَرَ يَحْيَى بِحَدِيثِهِ بَأْسًا . قَالَ مُحَمَّدٌ وَقَدْ رُوِيَ عَنْ حَكِيمِ بْنِ جُبَيْرٍ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي تَعْجِيلِ الظُّهْرِ .

বাংলা

১৫৫. হান্নাদ ইবনুস সারী (রহঃ) .... আয়িশা, রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর ও উমর রাদিয়াল্লাহু আনহু অপেক্ষা শীঘ্র যুহরের সালাত আদায় করতে আর কাউকে আমি দেখিনি। - তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির ইবনু আবদিল্লাহ, খাব্বাব, আবূ বারযা, ইবনু মাসউদ, যায়দ ইবনু ছাবিত ও জাবির ইবনু সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আয়িশা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত এই হাদিসটি হাসান। সাহাবী ও পরবর্তীযুগের আলিমগণ এই হাদীছের মর্মানুসারে মত গ্রনণ করেছে। আলী ইবনু মাদিনী বলেন, ইয়াহইয়া ইবনু সাঈদ বলেছেন ’প্রয়োজনীয় জিনিস থাকা সত্ত্বেও যে ভিক্ষা করে’ .... সম্পর্কিত ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটির প্রেক্ষিতে হাকীম ইবনু জুবায়র সম্পর্কে

শু’বা সমালোচনা করেছেন। ইয়াহইয়া (রহঃ) বলেন সুফইয়ান ও যায়দাও হাকীম ইবনু জুবায়র থেকে হাদিস বর্ণনানা করেছেন। ইয়াহইয়া তাঁর থেকে রিওয়ায়াত করায় কোন অসুবিধা আছে বলে মনে করেন না। মুহাম্মদ আল বুখারী (রহঃ) বলেন হাকীম ইবনু জুবায়র সাঈদ ইবনু জুবায়র আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রে যুহরের সালাত শীঘ্র আদায় করা সম্পর্কে হাদিস বর্ণিত আছে।

## English

Aishah narrated:
"I have not seen anyone who hastened Zuhr more than Allah's Messenger nor Abu Bakr, nor Umar."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17344

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন